



তথ্যবিবরণী

নম্বর-১৮৭

বিভাগীয় পর্যায়ে জাতীয় গোল্ডকাপ অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন

রাজশাহী; ২২ মাঘ (০৫ ফেব্রুয়ারি):

রাজশাহীতে বিভাগীয় পর্যায়ে জাতীয় গোল্ডকাপ অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। আজ (৫ ফেব্রুয়ারি) বুধবার রাজশাহী সরকারি শারীরিক শিক্ষা কলেজ মাঠে প্রধান অতিথি হিসেবে বেলাল ফেস্টুন উড়িয়ে এ টুর্নামেন্ট উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আখতার জামিল।

তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে বিভাগীয় প্রশাসন ও জেলা ক্রীড়া অফিস এ ফুটবল টুর্নামেন্ট আয়োজন করে।

উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার বলেন, তরুণদের দৈহিক ও মানসিক বিকাশের জন্যই খেলাধুলা দরকার। এটি শাস্ত্র সত্য। এ দেশ বদলাবে কারা? দেশ বদলাবে তরুণরা। বায়াল্লের ভাষা আন্দোলন থেকে শুরু করে ছেষটির ছয় দফা, একাত্তরের মহান মুক্তিযুদ্ধ, নব্বই ও ২৪ এর গণঅভ্যুত্থানসহ সব আন্দোলনেই ছিল তরুণরা। তরুণরাই দেশকে বদলাতে পারে, পৃথিবীকে বদলাতে পারে।

আখতার জামিল বলেন, একসময় ফুটবল খেলার উত্তেজনা সারাদেশে বিরাজ করত। বিশ্বব্যাপী বিশেষ করে ইউরোপে ফুটবল খেলার উন্মাদনা বাড়লেও আমাদের দেশে সে খেলায় উন্মাদনা বাড়ছে না। বিগত সময়ে দেশে ফুটবল খেলা হলে দর্শক ভরপুর থাকত কিন্তু বর্তমানে দর্শক অনেক কমে গেছে। আমরা শুধু বিদেশীদের খেলা দেখছি কিন্তু সেখান থেকে কোনো শিক্ষা নিচ্ছি না।

তিনি আরও বলেন, মেয়েদের ক্ষেত্রে একটা ফ্লো তৈরি হয়েছে। তারা প্রতিটি খেলায় কৃতিত্বের সাথে জয়লাভ করছে অন্যদিকে ছেলেরা পিছিয়ে যাচ্ছে। সামনে উপস্থিত খেলোয়াড়দের বলব এটা ধরে রাখতে হবে। আমরা চাই শুধু সাফ গেমস না তোমরা বাংলাদেশের পতাকা উঁচিয়ে তুলবে, বিশ্বকাপ জিতবে। এ সময় তিনি খেলোয়াড়সহ তরুণদের মাদক থেকে দূরে থাকার আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসের পরিচালক তাজকিয়া আকবারী, অতিরিক্ত জেলা প্রশাসক মোহা. যোবায়ের হোসেন, সরকারি শারীরিক শিক্ষা কলেজের অধ্যক্ষ লুবনা ইয়াসমিন, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এটিএম গোলাম মাহবুব এবং জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরীন।

উল্লেখ্য, পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিতব্য বিভাগীয় পর্যায়ের এই ফুটবল টুর্নামেন্টে রাজশাহী সিটি কর্পোরেশনসহ বিভাগের ৮ জেলার বালক-বালিকাদের মোট ৯টি করে দল অংশগ্রহণ করছে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৫:২০ঘ.